

Official Spokesperson's response to a media query on the Joint Press Release of the China-Pakistan Foreign Ministers' strategic dialogue

August 22, 2020

চিন-পাকিস্তানের বিদেশমন্ত্রীদের কৌশলগত কথোপকথনের যৌথ প্রেস বিবৃতির উপরে সংবাদ মাধ্যমের প্রশ্নের উত্তরে সরকারি মুখপাত্রের প্রতিক্রিয়া।

অগাস্ট 22,2020

চিন-পাকিস্তানের বিদেশমন্ত্রীদের কৌশলগত কথোপকথনের যৌথ প্রেস বিবৃতির উপরে সংবাদ মাধ্যমের প্রশ্নের উত্তরে সরকারি মুখপাত্র শ্রী অনুরাগ শ্রীবাস্তব বলেছেন:

“ পূর্বের মত, চিন-পাকিস্তানের বিদেশমন্ত্রীদের দ্বিতীয় দফার কৌশলগত কথোপকথনের যৌথ প্রেস বিবৃতিতে কেন্দ্র শাসিত জম্মু ও কাশ্মীরের উল্লেখকে আমরা স্পষ্টত খারিজ করছি। কেন্দ্র শাসিত জম্মু ও কাশ্মীর অঞ্চল ভারতের একটি অবিচ্ছেদ্য এবং অহস্তান্তরযোগ্য অংশ এবং আমরা আশাকরব যে, সংশ্লিষ্ট দেশগুলি যেন ভারতের অভ্যন্তরীণ বিষয়ে মাথা না গলায়”।

তিনি বলেছেন, “একই সাথে তথাকথিত “চিন-পাকিস্তান ইকনমিক করিডর” সম্পর্কে আমাদের অবিচলিত অবস্থান সম্পর্কে আমরা বারংবার জানিয়েওছি। তথাকথিত চিন পাকিস্তান ইকনমিক করিডর প্রকল্প, যেটি পাকিস্তান দ্বারা বেআইনিভাবে অধিকৃত ভারতের সীমানার মধ্যে অবস্থিত, সেই সম্পর্কে ভারতের উদ্বিগ্ন ভারত বারংবার চিন এবং পাকিস্তান উভয়দেশকে জানিয়েছে। অন্যদেশদ্বারা পাকিস্তান অধিকৃত জম্মু ও কাশ্মীরের স্থিতাবস্থার বিঘ্নকারক ক্রিয়াকর্মের বিরোধিতা করতে আমরা দৃঢ়প্রতিজ্ঞ এবং এর সাথে জড়িত দেশগুলিকে আমরা এই ধরনের ক্রিয়াকর্ম রদ করার জন্য আহবান জানাই”।

নিউ দিল্লি

অগাস্ট 22,2020

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.